



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

| |
|---|
| **সহকারী সচিব [ক্যাডার বহির্ভূত] কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা, ডিসেম্বর ২০২২** |

# বিজ্ঞপ্তি

নথি নং-৮০.১১০.০৩৮.০০.০০.০২৫.২০২২-২৬১

তারিখ : ১৭ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ
০২ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয় : সহকারী সচিব [ক্যাডার বহির্ভূত] কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা, ডিসেম্বর ২০২২।**

সহকারী সচিব [ক্যাডার বহির্ভূত] কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা, ডিসেম্বর ২০২২ এ অংশগ্রহণে ইচ্ছুক যোগ্য প্রার্থীদের থেকে online-এ আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইনে রেজিস্ট্রেশন ০৩ নভেম্বর ২০২২ তারিখ রাত ১২:০১ মিনিট থেকে শুরু হবে এবং ১৫ নভেম্বর ২০২২ তারিখ রাত ১২:০০ মিনিটে সম্পন্ন হবে।

০২. সহকারী সচিব [ক্যাডার বহির্ভূত] কর্মকর্তাদের সিনিয়র স্কেল (পদোন্নতির জন্য) পরীক্ষা নীতিমালা, ২০১৮ অনুযায়ী আবেদনপত্রের ০১ (এক)টি হার্ডকপি আগামী ২৫ নভেম্বর ২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে একধাপ উর্ধ্বতন কর্তৃপক্ষের সীল স্বাক্ষরসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে আবশ্যিকভাবে সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০৩. আবেদনপত্রের হার্ডকপি নির্ভুল এবং যথাযথভাবে পূরণ করতে হবে। কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে আবেদনপত্রের হার্ডকপি যাচাই-বাছাইপূর্বক পরীক্ষা গ্রহণ করা হবে। আবেদনপত্রের সাথে-

(ক) চাকরি স্থায়ীকরণের সত্যায়িত গেজেট কপি জমা দিতে হবে।

(খ) পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

(গ) হার্ডকপি এর যথাস্থানে আবেদনকারী ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নাম সম্বলিত সীলসহ স্বাক্ষর/প্রতিস্বাক্ষর থাকতে হবে।

(ঘ) উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র অথবা যে কোন ধরণের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র পরীক্ষার পূর্বে বা পরীক্ষায় উত্তীর্ণ হবার পরেও যেকোন পর্যায়ে বাতিল হতে পারে।

ক্রমশ/২

০৪. পরীক্ষাসূচি ও নির্দেশাবলি যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং কর্ম কমিশনের ওয়েবসাইটে (www.bpsc.gov.bd) প্রকাশ করা হবে।

০৫. **Online-এ Senior Scale (Ex. Cadre) Form পূরণের নিয়মাবলী :**

পরীক্ষার্থীকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবা http://bpsc.teletalk.com.bd এর মাধ্যমে Online Registration কার্যক্রম সম্পন্ন করতে হবে। কমিশনের ওয়েবসাইট open করে অন-লাইন রেজিস্ট্রেশন সেবা বক্সে সিনিয়র স্কেল পরীক্ষা লিংকে ক্লিক করে নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করলে Online Form পাওয়া যাবে :Application for Promotion Examination ➡ Senior Scale ➡ Ex -cadre Session December 2022 ➡ Ex-cadre ➡ Submit। Online ফরম পূরণের পূর্বে পরীক্ষার্থীগণ Instruction অংশটি Download করে প্রতিটি নির্দেশনা ভাল করে আয়ত্ত করবেন। Online Form-এ ৪ (চার) টি Section রয়েছে। Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: ছবি। স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলী রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং Online এ BPSC Senior Scale (Ex-Cadre) Form এর প্রতিটি Field এ প্রদত্ত নির্দেশনা সূক্ষ্মভাবে অনুসরণ করে Form পূরণ করতে হবে। ফরম পূরণের জন্য পরীক্ষার্থীদের National ID card এর নম্বর, ছবি {ইমেজ ৩০০ X ৩০০ পিক্সেলস (Pixels) ফাইল সাইজ ১০০ কেবি এর নিচে} এবং স্বাক্ষর {ইমেজ ৩০০×৮০ পিক্সেলস ফাইল সাইজ ৬০ কেবি এর নিচে} প্রয়োজন হবে।

০৬. **পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :**

ক. চাকুরিতে স্থায়ী হতে হবে;

খ. সহকারী সচিব [ক্যাডার বহির্ভূত] পদে চাকুরির মেয়াদ ২০২২ সালের ০১ ডিসেম্বর তারিখে অনুন্য ০৪ (চার) বছর পূর্ণ হতে হবে;

গ. একজন কর্মচারী একসাথে তিনটি বিষয় অথবা কম সংখ্যক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন;

ঘ. কোন কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর পূর্ণ হওয়ার পর তিনি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না;

ঙ. আবেদনপত্রের (হার্ডকপি) এর যথাস্থানে পরীক্ষার্থী এবং তার এক ধাপ উর্ধ্বতন কর্তৃপক্ষের নাম সম্বলিত সিলসহ স্বাক্ষর থাকতে হবে;

চ. নির্ধারিত তারিখ অর্থাৎ ২৫ নভেম্বর ২০২২ এর মধ্যে Online-এ দাখিলকৃত আবেদনের হার্ড বাংলাদেশ সরকারী কর্ম কমিশনে পৌঁছাতে হবে;

ছ. উল্লিখিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করা না হলে আবেদনপত্র/প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

০৭. পরীক্ষায় লিথোকোড সংযুক্ত উত্তরপত্র সরবরাহ করা হবে। পরীক্ষার্থীকে নিম্নে বর্ণিত বিষয়কোডগুলো সম্পর্কে অবহিত থাকতে হবে এবং উত্তরপত্রের নির্ধারিত স্থানে প্রযোজ্য বিষয়কোড লিখতে হবে :

ক. **প্রথমপত্র :** বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি; বিষয় কোড -৭০১।

খ. **দ্বিতীয়পত্র :** সাধারণ আইন, বিধি ও পদ্ধতি এবং আর্থিক ব্যবস্থাপনা; বিষয় কোড -৭০২।

গ. **তৃতীয়পত্র :** অফিস কার্যক্রম সংক্রান্ত আইন, বিধি ও নির্দেশাবলি; বিষয় কোড -৭০৩।

০৮. প্রত্যেক পত্রের জন্য প্রশ্নের পূর্ণমান ১০০, পাশ নম্বর ৪০ এবং নির্ধারিত সময় ০৩ (তিন) ঘন্টা।

ক্রমশ/৩

৯. যোগ্য-অযোগ্য আবেদনকারীর তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd- এ পাওয়া যাবে। যোগ্য আবেদনকারীদের পরীক্ষার প্রবেশপত্র কমিশনের ওয়েব সাইট থেকে download করে সংগ্রহ করতে হবে। প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। Online-এ আবেদন ফরম পূরণে কোন সমস্যা হলে কমিশনে এসে অথবা ফোন নম্বর: ৫৫০০৬৬৩০ অথবা ৫৫০০৬৭১২ এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

১০. শেষ মূহূর্তের জটিলতা এড়ানোর জন্য সর্বশেষ তারিখ পর্যন্ত অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত আবেদনপত্র দাখিলের পরামর্শ দেয়া যাচ্ছে।

২.১১.২০২২

[আব্দুল্লাহ-আল-মামুন]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]
ফোন: ৫৫০০৬৬৫৫

নথি নং-৮০.১১০.০৩৮.০০.০০.০২৫.২০২২-২৬১ তারিখ : ১৭ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ / ০২ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক (সকল)/উপসচিব (প্রশা/অর্থ ও সেবা/বাজেট), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৬. উপপরিচালক (সকল),বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৭. উপপরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/ সিলেট/ রংপুর/ময়মনসিংহ।
৮. সহকারী পরিচালক/সহকারী সচিব/হিসাবরক্ষণ কর্মকর্তা/লাইব্রেরিয়ান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৯. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১০. সহকারী প্রোগ্রামার [বিজ্ঞপ্তিটি ওয়েবসাইট www.bpsc.gov.bd-এ প্রকাশের জন্য], বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১১. বিজ্ঞ সদস্য-১২ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১২. নোটিশ বোর্ড/অভ্যর্থনা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা ।

02.11.2022

[মোঃ শাহীন হোসেন]
পরিচালক [উপসচিব]
[ইউনিট-১০]